

উপজেলা পরিক্রমা

জামালগঞ্জ

সুনামগঞ্জ, ২ মে (সংবাদদাতা)।— সুনামগঞ্জ জেলার একটি গুরুত্বপূর্ণ উপজেলা জামালগঞ্জ। নদী পথে সুনামগঞ্জ থেকে জামালগঞ্জের দূরত্ব ৩২ কিঃ মিঃ। সড়ক পথে ১৮ কিঃ মিঃ। প্রশাসনিক বিকেন্দ্রীকরণের বদৌলতে উপজেলা সদরে বিরাট বিরাট অট্টালিকা তৈরী হয়েছে।

আয়তন ও লোকসংখ্যা :

উপজেলার আয়তন ১৭১ বর্গমাইল। লোকসংখ্যা ৯৪,১০১ জন। পুরুষের সংখ্যা ৪৯,০৪৫ জন এবং মহিলা ৪৫,০৫৬ জন। এ উপজেলার ইউনিয়ন সংখ্যা ৫। মোট গ্রাম আছে ১৬৫টি।

কৃষি :

উপজেলার ৫০,৫০০০ একর জমিতে একর প্রতি গড়ে ৩৫ মণ করে ১৭,৬৭,৫০০ মণ ধান উৎপন্ন হয়। রোপা আমনের জমি আছে ৭,৩২১ একর। উৎপন্ন হয় গড়ে ৩০ মণ হিসেবে ২,১৯,৬৩০ মণ। ২০০ একর জমিতে আউশ উৎপন্ন হয় ৫ হাজার মণ। গমের চাষ হয় ৪৭ একর জমিতে। গড় উৎপাদন ২০ মণ। মোট উৎপাদন ৮,০০০ মণ। পাট ৯,৭৫০ একর জমিতে একর প্রতি গড়ে ২০ মণ করে ১,৯৫,০০০ মণ এবং অন্যান্য রবিশস্য ৭৫০ একর জমিতে একর প্রতি গড়ে ২০০ মণ করে ১ লাখ ৫০ হাজার মণ উৎপন্ন হয়। উপজেলার হালির হাওড়ে বোরো ধানের উৎপাদন প্রায় ১০ লাখ মণ। নিচু এলাকা

বলে মৌসুমের প্রারম্ভেই পানিতে বিনষ্ট হয়ে যায়। এ হাওড় রক্ষার জন্য প্রতি বছর হাজার হাজার মণ গম ব্যয়ে অস্থায়ী ভিত্তিতে বাঁধ নির্মাণ করা হয়। স্থায়ী বাঁধ হলে প্রতি বছর কোটি কোটি টাকার ফসল রক্ষা পেতো।

শিক্ষা :

এ উপজেলায় নব গঠিত কলেজ নিয়ে মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৮৮টি। উচ্চ বিদ্যালয় ২টি, বালিকা বিদ্যালয় ১টি, জুনিয়র বিদ্যালয় ২টি, মাদ্রাসা ৬টি, প্রাথমিক বিদ্যালয় ৬৮টি। এর মধ্যে ১৭টি বেসরকারী। উপজেলায় শিক্ষিতের হার শতকরা ১৯। প্রাথমিক শিক্ষার অবস্থা অত্যন্ত নাজুক।

চিকিৎসা :

এখানে মাত্র ১টি হেলথ কমপ্লেক্স আছে। ভবনের ভেতরে অঝোরে বৃষ্টির পানি পড়ে। ডাক্তারদেরও আবাসিক সংকট রয়েছে।

যোগাযোগ :

জেলা সদরের সাথে এ উপজেলার যোগাযোগ প্রাগৈতিহাসিক। একমাত্র নদী পথে দীর্ঘ সময়ে লক্ষ্যযোগে যাতায়াত করতে হয়। নইলে পায়ে হাঁটাই ভরসা।

বিদ্যুৎ :

স্থানীয় বিদ্যুৎ কেন্দ্রটি মাত্র ৪ ঘণ্টা বিদ্যুৎ সরবরাহ করে থাকে। হাতে গোণা সরকারী কর্মচারী ও ভাগ্যবান লোক কয়েক ঘণ্টার জন্য কিছু বিদ্যুৎ সুবিধা ভোগ করে থাকে।